

## সংবাদ বিজ্ঞপ্তি

### নোবিপ্রবিতে ইনফরমেশন ও নলেজ ম্যানেজমেন্ট বিষয়ক কর্মশালা

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ইনফরমেশন ও নলেজ ম্যানেজমেন্ট বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার (৭ মে ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে আইকিউএসি সম্মেলন কক্ষে “ওয়ার্কশপ অন- এমপাওয়ারিং এলআইএস (LIS) প্রফেশনালস্ থু ক্যাপাসিটি বিল্ডিং ইন ইনফরমেশন এন্ড নলেজ ম্যানেজমেন্ট: এ টেকনোলজিক্যাল পারস্পেকটিভ” শীর্ষক এ কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক।

কর্মশালায় বিশেষ অতিথির বক্তব্যে উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক বলেন, দিন দিন আমরা একটি পেপারলেস কমিউনিটির দিকে এগিয়ে যাচ্ছি। যেখানে তথ্য এবং প্রযুক্তির ব্যবহার সবচেয়ে বেশি। আমাদেরকে তথ্য এবং প্রযুক্তির দিক থেকে আরো বেশি উৎকর্ষ সাধন করতে হবে। বর্তমান যুগের সঙ্গে তাল মিলিয়ে চলতে এ ধরনের কর্মশালার কোনো বিকল্প নেই।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবীর সভাপতিত্বে কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন ইনস্টিটিউট অব ইনফরমেশন সায়েন্সেস (আইআইএস) এর পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম। সেমিনারে কি-নোট স্পিকার ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন সায়েন্স এন্ড লাইব্রেরি ম্যানেজমেন্ট বিভাগের অধ্যাপক কাজী মোস্তাক গাউসুল হক। তিনি ক্যাপাসিটি বিল্ডিং ইন ইনফরমেশন অডিট, ইনফরমেশন ম্যাপিং, নলেজ ম্যানেজমেন্ট ইত্যাদি বিষয়ক পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন এবং অংশগ্রহণকারীদের প্রতি এ বিষয়ক গুরুত্বপূর্ণ তথ্য উপস্থাপন ও মূল্যবান বক্তব্য প্রদান করেন। কর্মশালায় আলোচক হিসেবে ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন সায়েন্স এন্ড লাইব্রেরি ম্যানেজমেন্ট বিভাগের সিনিয়র ল্যাব ইনস্ট্রাকটর মোহাম্মদ জয়নাল আবেদিন।

উল্লেখ্য, উক্ত কর্মশালায় নোবিপ্রবির আইআইএস এর স্নাতকোত্তরের ৪০ জন শিক্ষার্থী ও শিক্ষকবৃন্দ অংশ নেয়।

ইফতেখার হোসাইন  
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)  
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪